

আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعْرَاءُ

আয়াতঃ ২৬ : ১৫৭

আরবি মূল আয়াত:

فَعَقَرُوهَا فَاصْبَحُوا نَدِيمِينَ ﴿١٥٧﴾

অনুবাদসমূহ:

অতঃপর তারা সেটি জবেহ করল; ফলে তারা অনুতপ্ত হল। — আল-বায়ান

কিন্তু তারা তাকে বধ করল, ফলে তারা অনুতপ্ত হল। — তাইসিরুল

কিন্তু তারা ওকে বধ করল, পরিণামে তারা অনুতপ্ত হল। — মুজিবুর রহমান

But they hamstrung her and so became regretful. — Sahih International

১৫৭. অতঃপর তারা সেটাকে হত্যা করল, পরিণামে তারা অনুতপ্ত হল।

-

তাফসীরে জাকারিয়া

(১৫৭) কিন্তু ওরা ওকে হত্যা করল, [1] পরিণামে ওরা অনুতপ্ত হল। [2]

[1] অর্থাৎ, এই উটনী মহান আল্লাহর ক্ষমতার এক বিশাল নিদর্শন এবং নবীর সত্যতার প্রমাণ হওয়া সত্ত্বেও সামুদ জাতি ঈমান আনল না এবং কুফর ও শিরকের রাস্তায় অটল থাকল। আর তাদের অবাধ্যতা এত বেশি বৃদ্ধি পেল যে, শেষ পর্যন্ত আল্লাহর কুদরতের জলজ্যন্ত নিদর্শন উটনীর পা কেটে ফেলল, যার কারণে সে বসে পড়ল ও পরে তারা তাকে হত্যা করল।

[2] এটি তখন ঘটল যখন সালেহ (আঃ) উটনী হত্যার পর বললেন, তোমাদেরকে মাত্র তিন দিনের অবকাশ দেওয়া হল। চতুর্থ দিন তোমাদেরকে ধ্বংস করে দেওয়া হবে। এরপর যখন সত্য সত্যই আযাবের নিদর্শনসমূহ প্রকাশ পেতে শুরু করল, তখন তাদের পক্ষ হতে অনুশোচনা প্রকাশ পেল। কিন্তু আযাবের নিদর্শন দেখে নেওয়ার পর অনুশোচনা ও তওবা কোনই কাজে আসে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3089>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন